

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আবাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১৩-আইন/২০১৫/৫০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে, ধারা ১৫ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যানবাহনের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :-

শর্তসমূহ

- (১) শিল্প প্রতিষ্ঠানকে কমপক্ষে ১০ মিলিয়ন ইউএস ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করিতে হইবে অথবা সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ৫০০ জনবল কর্মরত থাকিতে হইবে।
- (২) আমদানিকৃত যানবাহনের শুল্ক নিরূপণ ও খালাসের সময় হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ্ব ২০০০ সিসি ইঞ্জিন ক্ষমতার একটি সেডান কার এবং একটি মাইক্রোবাস/পিকআপ ভ্যান/ডাবল কেবিন পিকআপ আমদানি করা যাইবে।
- (৪) আমদানিকৃত যানবাহন ৫ (পাঁচ) বৎসরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, ৫ (পাঁচ) বছরের মধ্যে বিক্রয় বা হস্তান্তরের  
ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই, ২০০০ তারিখের স্থায়ী আদেশ  
(শুল্ক) No. 100/2000/shulka এর বিধান প্রযোজ্য হইবে।

- (৫) হাই-টেক পার্কে অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায়  
কেবলমাত্র একবার যানবাহন আমদানি করিতে পারিবে।
- (৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহনের নম্বর প্লেটের ক্রমিক  
নম্বরের পূর্বে “হাই-টেক পার্ক” শব্দটি লিখিতে হইবে।
- (৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহন আমদানিকারক শিল্প  
প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন  
বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোঃ নজিরুর রহমান)  
সচিব।